যুগান্তর

তারিখ ... 18 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

পুস্তক ব্যবসায়ী ও বিকপ

# জঙ্গিবাদের বিরুদ্ধে সারা দেশে প্রতিবাদ মানববন্ধন

**যুগান্তর রিপোর্ট**

জঙ্গিবাদের বিরুদ্ধে বুধবার সারা দেশে মানববন্ধন করেছেন পুস্তক ব্যবসায়ীরা। এছাড়া কিন্ডারগার্টেন ঐক্য পরিষদ (বিকপ), কেজি স্কুলের উদ্যোক্তা এবং শিক্ষক-কর্মচারীরাও মানববন্ধন ও প্রতিবাদ সভা করেছেন। উভয় কর্মসূচি থেকে ছেলেমেয়েদের জঙ্গিবাদ থেকে রক্ষায় অভিভাবকদের সচেতন হওয়ার আহ্বান জানানো হয়। পুস্তক ব্যবসায়ীদের জঙ্গিবিরোধী এই কর্মসূচির ডাক দেয় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি (বাপুস)। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এ কর্মসূচিতে পুস্তক সংক্রান্ত আরও ৫টি সংগঠন একাত্মতা প্রকাশ করে। এতে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আআমস আরেফিন সিদ্দিক। তিনি জঙ্গিবাদে উৎসাহিত হয় এমন কোনো বই না ছাপতে পুস্তক ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। মানববন্ধনে অংশ নেন জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সদস্য নাট্যকার-লেখক অধ্যাপক ড. রতন সিদ্দিকী, বাপুস সভাপতি আরিফ হোসেন ছোটন, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ওসমান গণি, নির্বাহী পরিচালক কামরুল হাসান শায়ক, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম প্রমুখ।

**বিকপ :** জঙ্গিবাদের বিরুদ্ধে কিন্ডারগার্টেন ঐক্য পরিষদ (বিকপ) বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করে। মানববন্ধনে সংগঠনের সভাপতি ইস্কান্দার আলী হাওলাদার, মহাসচিব রেজাউল হক প্রমুখ বক্তৃতা করেন।